



LIBERTY

JUSTICE

EQUALITY

**CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM  
(CPDRS)**

**WEST BENGAL STATE COMMITTEE**

**Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013**

**Mob: 9883717575, 8420094883**

**Email: cpdrs.india@gmail.com**

---

সিএএ-এর ফলে নাগরিকত্ব হারানোর আতঙ্কের মানসিক চাপ সহ্য করতে না পেরে টালিগঞ্জের বাসিন্দা এক যুবকের আত্মহত্যার ঘটনার প্রেক্ষিতে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস-এর রাজ্য সম্পাদক রাজকুমার বসাক আজ (২২.০৩.২০২৪) এক বিবৃতিতে বলেন,

"বিজেপি সরকার কর্তৃক নাগরিকত্ব আইন সংশোধন করার সময় থেকেই ভারতবর্ষের অসংখ্য নাগরিক উদ্বেগ ও উৎকঢ়ায় দিন কাটাচ্ছেন। দেশজুড়ে সংশোধিত নাগরিকত্ব আইন কার্যকর করার সিদ্ধান্ত ঘোষণার পর থেকেই আমাদের আশঙ্কা ছিল, এই ঘোষণায় জনমানসে প্রবল আতঙ্ক তৈরি হবে। সেই আশঙ্কাকে সত্য প্রমাণ করে সিএএ-এর ফলে নাগরিকত্ব হারানোর আতঙ্কই এক তরতাজা যুবকের প্রাণ কেড়ে নিল বলে পরিবারের অভিযোগ। আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস এর পক্ষ থেকে এই ঘটনার স্বচ্ছ ও নিরপেক্ষ তদন্ত দাবি করছি।  
নিঃশর্ত নাগরিকত্বের ন্যায়সঙ্গত দাবি, উদ্বাস্তু আন্দোলনের অন্যতম প্রধান দাবি। একে অস্বীকার করে বিজেপি জনসাধারণের মধ্যে বিভেদসৃষ্টির উদ্দেশ্য নিয়ে হীন ভোট রাজনীতির স্বার্থে ধর্মের ভিত্তিতে নাগরিকত্বের আইন এনেছে। নাগরিকত্ব পাওয়ার জন্য যে শর্তাবলী তারা আরোপ করেছে, যা পূরণ করা অধিকাংশ মানুষের পক্ষেই অসম্ভব প্রায়। ফলে দীর্ঘ বছর বংশানুক্রমে এদেশে বসবাস করার পরেও বেনাগরিক হওয়ার আশঙ্কা এবং আসামের ডিটেনশন ক্যাম্পের ভয়াবহ চিত্র এ রাজ্যের সাধারণ মানুষকে উদ্বিগ্ন করে তুলেছে। এই উদ্বেগ ও আতঙ্ক আরো অসংখ্য মানুষের প্রাণ কেড়ে নিতে পারে। তাই আমরা অবিলম্বে অগণতাত্ত্বিক ও মানবাধিকার লংঘনকারী সিএএ বাতিলের দাবি জানাচ্ছি।"

সংবাদদাতা  
রাজীব সিকদার  
অফিস সম্পাদক